



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখঃ ১৭ ডিসেম্বর ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তি

## পাবিত্রবির পরিবহন পুলে পাঁচটি নতুন গাড়ির সংযোজন

(১৭-১২-২০১৯)ঃ মহান বিজয় দিবসের দিনে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে পাঁচটি নতুন গাড়ির উদ্বোধন করা হয়েছে। মাননীয় উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী মহোদয়, উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ আনোয়ারুল ইসলাম, কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজকে সাথে নিয়ে গাড়ির উদ্বোধন করেন। বিশ্ববিদ্যালয়ে একই সাথে পাঁচটি গাড়ির উদ্বোধন পাবিত্রবির পরিবারের সদস্যদের মনে বিজয়ের দিনের আনন্দ আরো বাড়িয়ে দেয়।



(১৬/১২/২০১৯) মহান বিজয় দিবসে বাস উদ্বোধন করেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী।

মাননীয় উপাচার্য প্রফেসর ড. এম. রোস্তুম আলী মহোদয় ফিতা কেটে ৫২ আসনের তিনটি নতুন বাস, একটি মিনিবাস ও একটি মাইক্রোবাস উদ্বোধন করেন। উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী বলেন, নতুন এই বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের পালকে আরো একটি সাফল্য যোগ হলো। শিক্ষক-শিক্ষার্থীদের সুযোগ সুবিধা বাড়ানোর লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন এই উদ্যোগ নিয়েছে। জনগণের টাকায় কেনা বাসগুলোর যথাযথ ব্যবহার করবেন সবাই। বাঙালির অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নেতৃত্বে আমাদের স্বাধীনতা পেয়েছি বলেই আজ সারাবিশ্বের কাছে আমরা স্বাধীন জাতি, পেয়েছি নিজেদের স্বতন্ত্র পরিচয়। আমাদের নিজস্বতা দেশ ছড়িয়ে সারাবিশ্বে। তারই ধারাবাহিকতায় সগৌরবে পাবনার বুক মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে আমাদের বিশ্ববিদ্যালয়। আমরা বঙ্গবন্ধুর দেশপ্রেমকে বুক ধারণ করে আরো এগিয়ে যাবো। জননেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ গড়ব।



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

পরিবহন প্রশাসন ড. মোঃ কামরুজ্জামানের সঞ্চালনায় এ সময় আরো উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সভাপতি ড. ওমর ফারুক, সাধারণ সম্পাদক ফজলুল হক, শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট মোঃ সাইফুল ইসলাম, প্রক্টর ড. প্রীতম কুমার দাস, ছাত্র উপদেষ্টা মোঃ মাহমুদুল হাসান, গেস্ট হাউজ প্রশাসক ড. হাসিবুর রহমান, বঙ্গবন্ধু পরিষদের আহবায়ক ড. মোঃ হাবিবুল্লাহ, অতিরিক্ত রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম, অফিসার্স এসোসিয়েশনের সাবেক সভাপতি রফিকুল ইসলামসহ শিক্ষক, কর্মকর্তা- কর্মচারী ও শিক্ষার্থীরা। গাড়ি উদ্বোধন শেষে দোয়া ও মিষ্টি বিতরণ করা হয় এবং মাননীয় উপাচার্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষসহ সকলকে নিয়ে নতুন গাড়িতে ক্যাম্পাস প্রদক্ষিণ করা হয়।

বার্তা প্রেরক

১৭/১২/২০১৯

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

উপ-পরিচালক, জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।